

■■ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৪৪৩৮

৬৪/ মাগাযী [युक्त] (کتاب المغازی)

পরিচ্ছেদঃ ৬৪/৮৪. নাবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম-এর রোগ ও তাঁর ওফাত।

بَابِ مَرضِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَوَفَاتِهِ

আরবী

مُحَمَّدٌ حَدَّتَنَا عَفَّانُ عَنْ صَخْرِ بْنِ جُويْرِيَةَ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْقَاسِمِ عَنْ أَبِيْهِ عَنْ عَائِشَةَ دَخَلَ عَبْدُ الرَّحْمَنِ بْنُ أَبِيْ بَكْرٍ عَلَى النَّبِيِ صلى الله عليه وسلم وَأَنَا مُسْنِدَتُهُ إِلَى صَدْرِيْ وَمَعَ عَبْدِ الرَّحْمَنِ سِوَاكٌ رَطْبٌ يَسْتَنُّ بِهِ فَأَبَدَّهُ رَسُوْلُ اللهِ صلى الله عليه وسلم بَصَرَهُ فَأَخَذْتُ السِّوَاكَ فَقَصَمْتُهُ وَنَفَضْتُهُ وَطَيَّبْتُهُ ثُمَّ دَفَعْتُهُ إِلَى النَّبِيِ صلى الله عليه وسلم بَصرَهُ فَأَخَذْتُ السِّوَاكَ فَقَصَمْتُهُ وَنَفَضْتُهُ وَطَيَّبْتُهُ ثُمَّ دَفَعْتُهُ إِلَى النَّبِي صلى الله عليه وسلم اسْتَنَّ اسْتِنَانًا قَطُ عليه وسلم اسْتَنَّ اسْتِنَانًا قَطُ أَحْسَنَ مِنْهُ فَمَا عَدَا أَنْ فَرَغَ رَسُوْلُ اللهِ صلى الله عليه وسلم رَفَعَ يَدَهُ أَوْ إِصنْبَعَهُ ثُمَّ قَالَ أَحْسَنَ مِنْهُ فَمَا عَدَا أَنْ فَرَغَ رَسُوْلُ اللهِ صلى الله عليه وسلم رَفَعَ يَدَهُ أَوْ إِصنْبَعَهُ ثُمَّ قَالَ فِي الرَّفِيْقِ الْأَعْلَى ثَلَاتًا ثُمَّ قَضَى وَكَانَتْ تَقُوْلُ مَاتَ بَيْنَ حَاقِنَتِيْ وَذَاقِنَتِيْ وَذَاقِنَتِيْ.

বাংলা

88৩৮. 'আরিশাহ (রাঃ) হতে বর্ণিত যে, 'আবদুর রহমান ইবনু আবূ বকর (রাঃ) নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে এলেন। তখন আমি নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম-কে আমার বুকে হেলান দেয়া অবস্থায় রেখেছিলাম এবং 'আবদুর রহমানের হাতে তাজা মিসওয়াকের ডাল ছিল যা দিয়ে সে দাঁত পরিষ্কার করছিল। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম তার দিকে দৃষ্টি নিবদ্ধ করলেন। আমি মিসওয়াকটি নিলাম এবং তা চিবিয়ে নরম করলাম। তারপর তা নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম-কে দিলাম। তখন নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম তা দিয়ে দাঁত মর্দন করলেন। আমি তাঁকে এর পূর্বে এত সুন্দরভাবে মিসওয়াক করতে আর কখনও দেখিনি। এ থেকে অবসর হয়েই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম তাঁর উভয় হাত অথবা আঙ্গুল উপরে উঠিয়ে তিনবার বললেন, উচ্চে সমাসীন বন্ধুর সঙ্গে (মিলিত হতে চাই) তারপর তিনি ইন্তিকাল করলেন। 'আয়িশাহ (রাঃ) বলতেন, নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম আমার বুক ও থুতনির মাঝে ইন্তিকাল করেন। [৮৯০] (আধুনিক প্রকাশনীঃ ৪০৮৮, ইসলামিক ফাউন্ডেশনঃ ৪০৯১)

English



Narrated Aisha:

`Abdur-Rahman bin Abu Bakr entered upon the Prophet () while I was supporting the Prophet () on my chest. `AbdurRahman had a fresh Siwak then and he was cleaning his teeth with it. Allah's Messenger () looked at it, so I took the Siwak, cut it (chewed it with my teeth), shook it and made it soft (with water), and then gave it to the Prophet () who cleaned his teeth with it. I had never seen Allah's Messenger () cleaning his teeth in a better way. After finishing the brushing of his teeth, he lifted his hand or his finger and said thrice, "O Allah! Let me be with the highest companions," and then died. `Aisha used to say, "He died while his head was resting between my chest and chin."

হাদিসের শিক্ষা

প্রাসঙ্গিক আলোচনা

হতে পারে (الرَّفِيْقِ الْأَعْلَى) কথা দ্বারা রাস্লুল্লাহ সাল্লাল্লাছ 'আলাইহি ওয়াসাল্লাম সেটা বুঝিয়েছেন, যা সূরা আন-নিসার ঊনসত্তরতম আয়াতে এসেছে, যাতে বলা হয়েছে, "যাদের ওপর আল্লাহ তাঁর নি'আমত প্রদান করেছেন, নবীগণ, সিদ্দীকগণ, শহীদগণ এবং সালেহগণ"। অথবা হতে পারে আল্লাহ তা'আলাই উদ্দেশ্য। অর্থাৎ তিনি আল্লাহর সাথে সাক্ষাৎকে প্রাধান্য দিচ্ছেন।

হাদীসের শিক্ষা

- ১. কাঁচা গাছের ডাল দিয়েও মিসওয়াক করা যাবে।
- ২. মিসওয়াককে উপযোগী করে নেয়াতে সমস্যা নেই।
- ৩. অন্যের মিসওয়াক যদি পরিচ্ছন্ন করা হয় ও পরিষ্কার করে নেয়া হয়, তবে তা দিয়ে মিসওয়াক করাতে দোষ নেই: এর মাধ্যমে মিসওয়াকের গুরুত্ব প্রকাশ পেল। তবে ক্ষতির আশঙ্কা থাকলে তা করা যাবে না।
- 8. ইশারা-ইঙ্গিতে যা বুঝা যাবে তা অনুসারে কাজ করা জায়েয। বিশেষ করে যখন কথা বলার মতো অবস্থা থাকবে না।
- ৫. নবী সাল্লাল্লাহ্ছ 'আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক মিসওয়াকের প্রতি ঐকান্তিক ভালোবাসা।
- ৬. নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লামের দৃঢ় মনোবল ও বিপদাপদে সহিষ্ণুতা এতই উঁচু পর্যায়ের ছিল যে, মৃত্যুর



কষ্টের সময়েও তিনি মিসওয়াক ও দো'আর কথা ভুলেননি।

- ৭. মহান আল্লাহ সকল সৃষ্টির উপরে রয়েছেন এটার প্রমাণ।
- ৮. আয়েশা রাদিয়াল্লাহু 'আনহার ফযীলত ও শ্রেষ্ঠত্ব। নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লামের সাথে তার সুন্দর ভালোবাসার জীবন; যার প্রমাণ হচ্ছে তাঁরই দিনে, তাঁরই ঘরে রাসূলের মৃত্যু হওয়া এবং তাঁরই ঘাড় ও গলদেশের মধ্যে তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লামকে শেষ পর্যন্ত ধারণ করে রাখা।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন